দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
বৃহস্পতিবার | ১৬ জুন ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ২৭৪ সংখ্যা | ২ আষাঢ় ১৪২৯ সাল | ১৫ জিলক্বদ ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমেরিকান সেন্টার পপ-আপ শীর্ষক অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ভার্সিটিতে 'আমেরিকান সেন্টার পপ-আপ'

জিইসি মোড় ক্যাম্পাসে গতকাল বুধবার প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকান অ্যাম্বেসির উদ্যোগে 'আমেরিকান সেন্টার পপ-আপ' অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উদ্বোধক ছিলেন আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান। অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম।

ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক জয়নাব তাবাসসুম বানুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, আমেরিকায় বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষার বিশাল সুযোগ রয়েছে। যারা আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যাবে, তারা বিজ্ঞান, অর্থনীতি ও সাহিত্য সম্পর্কে অনেক অনেক কিছু জানতে পারবে। তারা আমেরিকার বিশ্ববিখ্যাত লাইব্রেরি অব কংগ্রেস ব্যবহার করে অনেক দুর্লভ গ্রন্থ পাঠ করার সুযোগ পাবে। তিনি আমেরিকাকে প্রচুর স্কলারের দেশ বলে অভিহিত করেন।

আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যেতে চাইলে কী কী প্রক্রিয়া অবলম্বন করতে হয়, সে সম্পর্কে আলোচনা করেন। আমেরিকায় অনার্স, মাস্টার্স ও পিএইচডি করার ক্ষেত্রে ফুল টিউশন ফি ওয়েভার, ফেলোশিপস, অ্যাসিস্ট্যান্টশিপ, ক্যাম্পাস জবস ইত্যাদি সুযোগ-সুবিধা পাওয়ার কথা তুলে ধরেন। স্টেট ডিপার্টমেন্ট ফান্ডের আওতায় বিভিন্ন একাডেমিক ও প্রফেশনাল এক্সচেঞ্জ প্রোগ্রামের বিষয়েও বর্ণনা করেন। এ সময় তিনি আমেরিকান সেন্টারের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির আগের এক্সচেঞ্জ প্রোগ্রামের কথা স্মরণ করেন।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আমেরিকান সেন্টারের আওতায় এডুকেশন ইউএসএর নানা প্রোগ্রাম উচ্চশিক্ষায় আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয়। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, এই প্রোগ্রামের মাধ্যমে যুক্তরাষ্ট্রের প্রসিদ্ধ ইউনিভার্সিটিগুলোতে অধ্যয়ন করার জন্য শিক্ষক ও শিক্ষার্থীরা উৎসাহিত হবেন।

শেষে ইংরেজি ভাষাগত দক্ষতা যাচাইকরণ পরীক্ষা স্যাট, টোফেল ও জিআরই বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য আলাদা আলাদা সেশন পরিচালনা করে আমেরিকান সেন্টার। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 16 June 2022, Page: 3, Col: 7
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-06-16




চট্টগ্রাম বৃহস্পতিবার ১৬ জুন ২০২২

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত




রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ১১৮ তম সংখ্যা । । ২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ । । ১৫ জিলকদ ১৪৪৩ হিজরি । । Thursday 16 June 2022 । । ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ভার্সিটিতে 'আমেরিকান সেন্টার পপ-আপ' অনুষ্ঠিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকান এম্বেসির যৌথ উদ্যোগে 'আমেরিকান সেন্টার পপ-আপ' অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউ-নিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উদ্বোধক ছিলেন আমেরিকান এম্বেসির কালচারাল এফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান। অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক জয়নাব তাবাসসুম বানুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, 'আমেরিকা শিক্ষার অন্যতম শ্রেষ্ঠ পাদপীঠ'। আমেরিকায় বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষার বিশাল সুযোগ রয়েছে। আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যেতে চাইলে কী কী প্রক্রিয়া অবলম্বন করতে হয়, সে-সম্পর্কে আলোচনা করেন। আমেরিকায় অনার্স, মাস্টার্স ও পিএইচডি করার ক্ষেত্রে ফুল টিউশন ফি ওয়েভার, ফেলোশিপস, অ্যাসিস্ট্যান্টশিপ, ক্যাম্পাস জবস ইত্যাদি সুযোগ-সুবিধা পাওয়ার কথা বিস্তারিতভাবে তুলে ধরেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 16 June 2022, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-06-16

বৃহস্পতিবার
চট্টগ্রাম
১৬ জুন ২০২২
২ আষাঢ় ১৪২৯
১৫ জিলক্বদ ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-১৭৭

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

▶ শুভ সকাল
রেমিট্যান্সের প্রবাহ কোভিড পূর্ববর্তী ধারায় ফিরছে

▶ দশ কথার এক কথা
ঢাকায় যাদের জমি-ফ্ল্যাট আছে, সবাই কালো টাকার মালিক : অর্থমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত মৃত্যু
১,২৬,৬৩৮ ১,৩৬২

▶ শেষ পাতায়
বাংলাদেশ-ওয়েস্ট ইন্ডিজ প্রথম টেস্ট শুরু আজ




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অনুষ্ঠানে বক্তব্য দেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ‘আমেরিকান সেন্টার পপ-আপ’

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকান অ্যাম্বেসির যৌথ উদ্যোগে ‘আমেরিকান সেন্টার পপ-আপ’ অনুষ্ঠিত হয়েছে। ১৫ জুন সকাল সাড়ে ১১টায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উদ্বোধক ছিলেন আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান। অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম।

ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক জয়নাব তাবাসসুম বানুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন ‘আমেরিকাকে শিক্ষার অন্যতম শ্রেষ্ঠ পাদপীঠ’ উল্লেখ করে বলেন, আমেরিকায় বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষার বিশাল সুযোগ রয়েছে। তিনি বিজ্ঞান, অর্থনীতি ও সাহিত্যে আমেরিকার অবস্থান অনেক উচ্চে মন্তব্য করে বলেন, যারা আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যাবে, তারা বিজ্ঞান, অর্থনীতি ও সাহিত্য সম্পর্কে অনেক অনেককিছু জানতে পারবে। তারা আমেরিকার বিশ্ববিখ্যাত লাইব্রেরি অব কংগ্রেস ব্যবহার করে অনেক দুর্লভ গ্রন্থ পাঠ করার সুযোগ পাবে। তিনি আমেরিকাকে প্রচুর স্কলারের দেশ বলে অভিহিত করেন।

আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যেতে চাইলে কী কী প্রক্রিয়া অবলম্বন করতে হয়, সে-সম্পর্কে আলোচনা করেন। আমেরিকায় অনার্স, মাস্টার্স ও পিএইচডি করার ক্ষেত্রে ফুল টিউশন ফি ওয়েভার, ফেলোশিপ, অ্যাসিস্ট্যান্টশিপ, ক্যাম্পাস জবস ইত্যাদি সুযোগ-সুবিধা পাওয়ার কথা বিস্তারিতভাবে তুলে ধরেন। তিনি স্টেট ডিপার্টমেন্ট ফান্ডের আওতায় বিভিন্ন একাডেমিক ও প্রফেশনাল এক্সচেঞ্জ প্রোগ্রামের বিষয়েও বর্ণনা করেন। এসময় তিনি আমেরিকান সেন্টারের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির আগের এক্সচেঞ্জ প্রোগ্রামের কথা স্মরণ করেন।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আমেরিকান সেন্টারের আওতায় এডুকেশন ইউএসএ'র নানাবিধ প্রোগ্রামগুলো উচ্চশিক্ষায় আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য খুবই প্রয়োজনীয়। তিনি আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণ করলে বাংলাদেশি শিক্ষার্থীরা লাভবান হবে বলে উল্লেখ করেন। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আজকের প্রোগ্রাম খুবই গুরুত্বপূর্ণ। প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এমন একটি প্রোগ্রামের আয়োজনের জন্য আমেরিকান অ্যাম্বেসিকে ধন্যবাদ। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ‘ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ শীর্ষ অবস্থানের মধ্যে আমেরিকান বিশ্ববিদ্যালয়গুলো অন্যতম’ উল্লেখ করে বলেন, এই প্রোগ্রামের মাধ্যমে যুক্তরাষ্ট্রের প্রসিদ্ধ ইউনিভার্সিটিগুলোতে অধ্যয়ন করার জন্য শিক্ষক ও শিক্ষার্থীরা উৎসাহিত হবেন। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। উল্লেখ্য, শেষে ইংরেজি ভাষাগত দক্ষতা যাচাইকরণ পরীক্ষা স্যাট, টোয়েফল ও জিআরই বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য আলাদা আলাদা সেশন পরিচালনা করে আমেরিকান সেন্টার। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 June 2022, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?date=16-06-2022&page=2

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ১৬ জুন ২০২২ • ২ আষাঢ় ১৪২৯ • ১৫ জিলকদ ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ২৯১ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH




মহানগর
সঠিক তথ্য সংগ্রহে সহযোগিতার আহ্বান ৩

সংবাদ ৪
অসচেতনতার কারণে অন্ধত্বে ভোগে শিশুরা



দেশগ্রাম ৫
চিংড়িজোনের সেই বাঁধ অপসারণ করল প্রশাসন

বিনোদন
৬ অল্পের জন্য প্রাণে বাঁচেন কিয়ারা কিয়ারা আদভানি






প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'আমেরিকান সেন্টার পপ-আপ' শীর্ষক অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

# 'আমেরিকান সেন্টার পপ-আপ'

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকান অ্যাম্বেসির যৌথ উদ্যোগে 'আমেরিকান সেন্টার পপ-আপ' অনুষ্ঠিত হয়েছে।

১৫ জুন সকাল ১১.৩০টায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উদ্বোধক ছিলেন আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান। অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি

ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক জয়নাব তাবাসসুম বানুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন 'আমেরিকাকে শিক্ষার অন্যতম শ্রেষ্ঠ পাদপীঠ' উল্লেখ করে বলেন, আমেরিকায় বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষার বিশাল সুযোগ রয়েছে। তিনি বিজ্ঞান, অর্থনীতি ও সাহিত্যে আমেরিকার অবস্থান অনেক উচ্চে মন্তব্য করে বলেন, যারা আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যাবে, তারা বিজ্ঞান, অর্থনীতি ও সাহিত্য সম্পর্কে অনেক অনেককিছু জানতে পারবে। তারা আমেরিকার বিশ্ববিখ্যাত লাইব্রেরি অব কংগ্রেস ব্যবহার করে অনেক দুর্লভ গ্রন্থ পাঠ করার সুযোগ পাবে। তিনি আমেরিকাকে প্রচুর স্কলারের দেশ বলে অভিহিত করেন। আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যেতে চাইলে কী কী প্রক্রিয়া অবলম্বন করতে হয়, সে-সম্পর্কে আলোচনা করেন। আমেরিকায় অনার্স, মাস্টার্স ও পিএইচডি করার ক্ষেত্রে ফুল টিউশন ফি ওয়েভার, ফেলোশিপস, অ্যাসিস্ট্যান্টশিপ, ক্যাম্পাস জবস ইত্যাদি সুযোগ-সুবিধা পাওয়ার কথা বিস্তারিতভাবে তুলে ধরেন। তিনি স্টেট ডিপার্টমেন্ট ফান্ডের আওতায় বিভিন্ন একাডেমিক ও প্রফেশনাল এক্সচেঞ্জ প্রোগ্রামের বিষয়েও বর্ণনা করেন। এসময় তিনি আমেরিকান সেন্টারের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির আগের এক্সচেঞ্জ প্রোগ্রামের কথা স্মরণ করেন।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আমেরিকান সেন্টারের আওতায় এডুকেশন ইউএসএ-র নানাবিধ প্রোগ্রামগুলো উচ্চশিক্ষায় আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য খুবই প্রয়োজনীয়।

তিনি আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণ করলে বাংলাদেশি শিক্ষার্থীরা লাভবান হবে বলে উল্লেখ করেন।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আজকের প্রোগ্রাম খুবই গুরুত্বপূর্ণ।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম 'ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ শীর্ষ অবস্থানের মধ্যে আমেরিকান বিশ্ববিদ্যালয়গুলো অন্যতম' উল্লেখ করে বলেন, এই প্রোগ্রামের মাধ্যমে যুক্তরাষ্ট্রের প্রসিদ্ধ ইউনিভার্সিটিগুলোতে অধ্যয়ন করার জন্য শিক্ষক ও শিক্ষার্থীরা উৎসাহিত হবেন। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, শেষে ইংরেজি ভাষাগত দক্ষতা যাচাইকরণ পরীক্ষা স্যাট, টোফেল ও জিআরই বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য আলাদা আলাদা সেশন পরিচালনা করে আমেরিকান সেন্টার। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 16 June 2022, Page: 3, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-06-16